

## করোনা কবলে আমরা

-রিয়া পাল

-আচ্ছা দিভাই আমার যে আর বাড়িতে থাকতে ভালো লাগছে না। কতদিন হয়ে গেল স্কুলে যাইনি। বন্ধুদের সঙ্গে দেখা হয়নি।

-মন খারাপ করিসনা। আমরা সবাই মোটামুটি বাড়িতে। কেউ তো বেরোতে পারছি না। বাড়িতে বসে কাজ করছি।

-না না তবু আমার মন খারাপ। কতদিন হয়ে গেল কোথাও ঘুরতে যাইনি।

-তাও তো আমরা সুখে আছি। ওইটুকু কষ্ট তো কম বেশি সবার হচ্ছে। ভাবতো যারা হাসপিটালে নিজেদের জীবন বাজি রেখে সারাদিন অক্লান্ত পরিশ্রম করে চলছে আমাদের সুস্থ রাখার জন্য। কত মানুষ কাজ হারিয়ে বসে আছে। দুবেলা দুমুঠো খেতে পর্যন্ত পারছে না। কত মানুষের বাড়ি ফিরতে গিয়ে না খেতে পেয়ে, পথ দুর্ঘটনায় মৃত্যু ঘটলো। কত নিষ্পাপ শিশু মা বাবা বাড়ি ফেরার আশায় বুক বাধছে তাদের কষ্টটা আমাদের তুচ্ছ কষ্টের থেকে অনেক বেশি মূল্যবান।

আজ এই কঠিন পরিস্থিতিতে দাঁড়িয়েও আমরা শুধু নিজেদের খারাপ লাগা গুলোকেই এতটা প্রাধান্য দিই যে এত বড় ঘটনাগুলো যেন কিছুই না।

-দিভাই তোর কথা শুনে ভালো লাগলো রে।  
আচ্ছা আমরা পারি না ওদেরকে নিজেদের সামর্থ্য মতো সাহায্য করতে।

হ্যাঁ নিশ্চয়ই পারি। শুধু আমাদের ইচ্ছেটুকু দরকার।

\* \* \* \*